গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮- ৮১৫ তারিখঃ ০৬ -০৮-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯-০৭-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুন/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জুলাই, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০৮-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (e-mail: neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

০৬.০৮.২০১৮

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৪। কর্মসূচি পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি, রংপুর।
৫। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইজ মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৯-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( জুন/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ জুলাই, ২০১৮ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৮-০৬-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৮-০৬-২০১৮ তারিখে মে, ২০১৮ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৮-০৬-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে আরএডিপি ৩৮২.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম-৪র্থ কিস্তি বাবদ মোট ৩৮২.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া যায় এবং জুন, ২০১৮ পর্যন্ত সর্বমোট ৩৮১.২৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.৮১%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন ০৩টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ১০৬.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম -৪র্থ কিস্তি বাবদ ১০৬.৮০ লক্ষ টাকা ছাড় করা হয় এবং জুন, ২০১৮ পর্যন্ত সর্বমোট ১০৫.৯০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.১৬%। ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার সন্তোষজনক হওয়ায় সভাপতি প্রকল্প ও কর্মসূচি পরিচালকদের ধন্যবাদ দেন। ২০১৮-১৯ অর্থবছরের এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে বরাদ্দকৃত অর্থ ১০০% অগ্রগতি হওয়ার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সকল প্রকল্প ও কর্মসূচির বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিষ্পত্তি করা, বাস্তবয়িত প্রকল্পের এসেম্বল সেন্টার ও অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ কাজ দ্রুত শেষ করতে নির্মাণকারী প্রতিষ্ঠানকে তাগিদ প্রদান, ২০১৮-১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প ও কর্মসূচির অর্থ ছাড়ের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

**২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** আওতায় জুন, ২০১৮ তারিখ পর্যন্ত প্রকল্পের সর্বমোট ব্যয় ৩৮১.২৮ লক্ষ টাকা যা মোট বরাদ্দের ৯৯.৮১% হওয়ায় সভাপতি প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ২০১৮-১৯ অর্থ বছরের প্রকল্প হতে প্রস্তাবিত এডিপি সংশোধনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করে অর্থ ছাড় করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রকল্পের পিএমসি সভার আলোচনা অনুযায়ী সকল সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে। এছাড়া আন্ত:খাত সমন্বয় করে ডিপিপির মূল বরাদ্দ অনুযায়ী ১৩৭৮.০০ লক্ষ টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা ধরে ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ

করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিলেট অঞ্চলের চলমান অফিস-কাম-ট্রেনিং সেন্টার ৪র্থ তলা পর্যন্ত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ ও জিরো এনার্জির কুল চেম্বারের সংখ্যা প্রতি জেলায় প্রয়োজন অনুযায়ী বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** কর্মসূচির কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত সংশ্লিষ্ট সকল জেলায় পত্র এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন দ্রুত উপস্থাপন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির আওতায় নির্মিত আলুর ঘর ও অন্যান্য সম্পদ সমূহ অধিদপ্তরের সম্পত্তি, সেগুল রক্ষণাবেক্ষনের দায়িত্ব অধিদপ্তরের তাই বিভাগের আওতায় নির্মিত আলুর ঘর ও অন্যান্য সম্পদ সংশ্লিষ্ট বিভাগ হতে মনিটরিং ও প্রতি ৬ মাস পর পর প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ব্যাপক প্রচারের লক্ষ্যে কর্মসূচির আওতায় গৃহীত সকল কার্যক্রমের প্রকাশিত তথ্যাদি একত্রিত করে কৃষি মন্ত্রণালয়সহ অধিনস্থ দপ্তরসমূহে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে বিভিন্ন জাতীয় পত্রিকা, ইলেক্ট্রনিক মিডিয়া ও বড় বড় সুপার শপের ম্যানেজমেন্ট লেভেলে পত্র দিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । এছাড়া জেলায় জেলায় আয়োজিত প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম প্রচারের নিমিত্ত এবং এ ফ্রেসকার্ট সম্পর্কিত বিষয়ের ছোট ছোট ভিডিও ক্লিপ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**২.৫: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির** আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে যে সকল জেলায় ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন করা হবে তার সঠিক জায়গা নির্ধারণের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদের এবং জেলা বাজার কর্মকর্তাদের পুনরায় পত্র দিতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । জেলায় জেলায় স্থাপিত ডিজিটাল ডিসপ্লেবোর্ডটি চালু রাখার স্বার্থে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং ডিজিটাল ডিসপ্লেবোর্ড এ যদি কোন সমস্যা দেখা দেয় তা তাৎক্ষণিকভাবে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল দরপত্রের আহবান কার্যক্রম কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ৩০ আগষ্ট, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এ সময়ের মধ্যে কোন দরপত্র আহবানে ব্যর্থ হলে তার যৌক্তিকতা কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়কে লিখিতভাবে জানানোর জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** ফসলসমূহের পুষ্টিগুণ, খাদ্যমান/নিরাপত্তা নিশ্চিতকরণ, খাদ্যের বহুমূখী ব্যবহার, ফসল সংরক্ষণসহ নানা বিষয়ে গঠিত রাইটার্স পুলে প্রতি মাসে ২টি তথ্য সমৃদ্ধ অনুসন্ধিৎসু লিখা নিয়মিতভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে উপ-পরিচালক (গবেষণা)কে নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকগণকে সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিতভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৪.১** | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি সংশোধনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করে অর্থ ছাড় ও প্রকল্পের পিএমসি সভার সকল সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি<br>(ডিএএম অংগ) |

| | | |
|---|---|---|
| | (খ) প্রকল্পের আন্ত:খাত সমন্বয় করে ডিপিপির মূল বরাদ্দ অনুযায়ী সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিলেট অঞ্চলের চলমান অফিস-কাম-ট্রেনিং সেন্টার ৪র্থ তলা পর্যন্ত সম্প্রসারণ ও জিরো এনার্জির কুল চেম্বারের সংখ্যা প্রকল্পভূক্ত প্রতি জেলায় প্রয়োজন অনুযায়ী বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ৪.২ | (ক) কর্মসূচির কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত সংশ্লিষ্ট সকল জেলায় পত্র এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন দ্রুত উপস্থাপন করতে হবে।<br>(খ) ব্যাপক প্রচারের লক্ষ্যে কর্মসূচির আওতায় গৃহীত সকল কার্যক্রমের প্রকাশিত তথ্যাদি একত্রিত করে কৃষি মন্ত্রণালয়সহ অধিনস্থ দপ্তরসমূহে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৪.৩ | (ক) কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কর্মসূচি হতে এ পর্যন্ত যে সকল পণ্য সামগ্রি বিতরণ করা হয়েছে তার তালিকা এবং তার যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণদের পত্র দিতে হবে।<br>(খ) ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে বিভিন্ন জাতীয় পত্রিকা, ইলেক্ট্রনিক মিডিয়া ও বড় বড় সুপার শপের ম্যানেজমেন্ট লেভেলে পত্র দিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৪.৪ | যে সকল জেলায় ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন করা হবে তার সঠিক জায়গা নির্ধারণের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদের এবং জেলা বাজার কর্মকর্তাদের পত্র দিতে হবে।<br>(খ) জেলায় জেলায় স্থাপিত ডিজিটাল ডিসপ্লেবোর্ডটি চালু রাখার স্বার্থে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং ডিজিটাল ডিসপ্লেবোর্ডে যদি কোন সমস্যা দেখা দেয় তা তাৎক্ষণিকভাবে প্রধান কার্যলয়কে অবহিত করতে হবে মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদের এবং জেলা বাজার কর্মকর্তাদের পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি |
| ৪.৫ | ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের সকল দরপত্রের আহবান কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ৩০ আগষ্ট, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে৷ এ সময়ের মধ্যে কোন দরপত্র আহবানে ব্যর্থ হলে তার যৌক্তিকতা কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়কে লিখিতভাবে জানাতে হবে৷ | প্রকল্প ও কর্মসূচি পরিচালক<br>(সকল) |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর